



## সংবাদ বিজ্ঞপ্তি

পিআরসি বিডি ২০১৩-২০১৪ অর্থবছরের বাজেট প্রস্তাব

যোগাযোগ: মো: রাজিবুল ইসলাম

ফোন: ০২৯০১০৯২৪

মোবাইল: ০১৬৭১৭৪০২৮৬

ইমেইল: mdrajib@gmail.com

তারিখ: মে ১১, ২০১৩: গত বছর ২০১২-২০১৩ অর্থবছরের বাজেট প্রস্তাব পেশ করার পর অর্থবছর শেষে মূল্যায়ন পেশ করে পিআরসি বিডি। এবারও ২০১৩-২০১৪ অর্থবছরের বাজেট প্রস্তাব পেশ করেছে পিআরসি। এই প্রস্তাবের মাধ্যমে পিআরসি সুপারিশ করেছে, দেশের চলমান রাজনৈতিক অস্থিরতার কারণে সরকারের গৃহীত বাজেট পরিকল্পনা সামগ্রিক অর্থনীতির উপর ব্যাপক প্রভাব ফেলবে। এর ফলে জাতীয় রাজস্ববোর্ড নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হবে। এসব ঝুঁকি সত্ত্বেও সরকার ১.৩৬ ট্রিলিয়ন রাজস্ব কর আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে; যা গত বছরের তুলনায় ২১ শতাংশ বেশি। পিআরসির প্রস্তাব করেছে:

১. ক্ষুদ্র এবং মধ্য মানের শহুরে ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য ৫ বছরের কর মওকুফ এবং শহরের বাইরের প্রতিষ্ঠানগুলোর জন্য ১০ বছরের কর মওকুফের সুবিধা দেওয়া যায়।

২. কৃষি এবং কৃষি শিল্প প্রতিষ্ঠানগুলোকে করমুক্ত ঘোষণা করা দরকার।

৩. ১৬ শ' সিসির গাড়ি থেকে ৫০ শতাংশ কর কমিয়ে আনা যাতে মধ্য আয়ের মানুষ সহজে এসব বাহন ব্যবহার করতে পারে।

৪. নিজস্ব বাজেটে পদ্মাসেতুর অর্থায়ন অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। ফলে বিকল্প চিন্তা করা দরকার।

৫. রাজনৈতিক অস্থিরতার কারণে সরাসরি বৈদেশিক বিনিয়োগ বাধাগ্রস্ত হচ্ছে। এটা অর্থনীতির জন্য নেতিবাচক ফল নিয়ে আসবে। অস্থিরতা নিরসন করে বিদেশী বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে হবে।



# POLICY RESEARCH CENTRE

*A Civil Society Think Tank* bd.

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আনোয়ারুল ইসলাম।

প্রধান অতিথীর বক্তব্যে অধ্যাপক ড. আনোয়ারুল ইসলাম বলেন, বাজেট প্রণয়নের মতো বাজেট বাস্তবায়নের দিকেও গুরুত্ব দিতে হবে। বাজেটের সকল দিকে সচেতনভাবে দৃষ্টি দিয়ে তা বাস্তবায়নের দিকে জোর দেওয়ার কথা বলেন তিনি। বাজার ব্যবস্থাপনা এবং মানসম্মত পণ্য সরবরাহ নিশ্চিত করতে হবে। কোটি কোটি টাকার বাজেট কিন্তু জনগণের টাকার বাজেট। এ বাজেট যেন জনগণের কাজে লাগে সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

বিশেষ অতিথীর বক্তব্যে আকরাম হোসাইন বলেন, বাজেটে জনশক্তির দিকে বিশেষভাবে দৃষ্টি দিতে হবে। আমাদের বিশেষভাবে খেয়াল রাখতে হবে, কিভাবে আমরা জনশক্তিকে জনসম্পদে রূপান্তরিত করতে পারি। এছাড়া কর্মীদের স্বাস্থ্যের দিকে খেয়াল রাখতে হবে। বিশেষভাবে নারী কর্মীদের স্বাস্থ্যের দিকে। বিদেশী শিল্প প্রতিষ্ঠানের দিকে আমাদের দৃষ্টি দিতে।

ড. মোনওয়ার হোসাইন তার মন্তব্যে বলেন, ভোক্তাদের চাহিদা যেন বাজেটে প্রাধান্য পায় সে দিকে গুরুত্ব দিতে হবে। এছাড়া শিক্ষার দিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। রাজস্ব আয় বৃদ্ধি, ক্ষুদ্র উদ্যোক্তা, সরাসরি বিনিয়োগের দিকে মনোযোগ দেওয়ার বিষয়েও তিনি গুরুত্বারোপ করেন।

ড. মোশারফ হোসাইন তার মন্তব্যে বলেন, বাজেটের যে মূল লক্ষ্য তা বাস্তবায়নের দিকে গুরুত্ব দিতে হবে। এয়াড়া কর আদায়ের দিকেও তিনি গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পিআরসির উর্ধ্বতন কর্মকর্তা, গবেষণা কর্মকর্তা, কূটনীতিক, শিক্ষাবিদ, গণমাধ্যম কর্মীসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

সমাপনী বক্তব্য রাখেন পিআরসির চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অধ্যাপক ড. আকবার উদ্দিন আহমাদ।

পিআরসি পরিচিতি: পলিসি রিসার্চ সেন্টার বাংলাদেশ (পিআরসি বিডি) একটি 'সিভিল সোসাইটি থিঙ্ক ট্যাঙ্ক'। সুচনালগ্ন থেকেই পিআরসি নীতিনির্ধারণী সংক্রান্ত গবেষণায় কাজ করছে। জাতীয় এবং আন্তর্জাতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে পিআরসি সভা, সেমিনার এবং সংলাপের আয়োজন করে যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে।